



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয় : ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ
ফোন : ০২-৯৯৭৭-১০৪৪০, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/প্রশা/০২/০৩/১৮/ ১১৭

তারিখ : ২৮ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : বঙ্গবন্ধু অলিম্পিয়াড অনলাইন শিক্ষামূলক গেম শুরু সংক্রান্ত বিজ্ঞপ্তি।


স্বাধীন বাংলাদেশের স্বপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ “বঙ্গবন্ধু অলিম্পিয়াড” নামে অনলাইন শিক্ষামূলক গেম আগামী ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ হতে শুরু করতে যাচ্ছে।

বঙ্গবন্ধু অলিম্পিয়াড একটি ওয়েব ও অ্যাপ ভিত্তিক শিক্ষামূলক গেম যেখানে শিক্ষার্থীরা এককভাবে এবং তার সহপাঠীকে চ্যালেঞ্জের মাধ্যমে যৌথভাবে নিয়মিত প্রশ্নোত্তর প্রদান করতে থাকবে। বঙ্গবন্ধু, বাংলাদেশ, মুক্তিযুদ্ধ, বাংলা ভাষা ও স্বাধীনতার উপরে নির্বাচিত প্রশ্নসহ জাতীয় পাঠ্যক্রম বাংলা ও ইংরেজি ভাষার সকল পাঠ্য বইয়ের সিলেবাসভুক্ত অধ্যায় হতে প্রশ্ন থাকবে। যা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মেধাবিকাশ ও বিষয়ভিত্তিক প্রস্তুতিকে আরো সমৃদ্ধ করবে। অত্র বোর্ডের অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও শিক্ষকগণ এই গেমের অংশগ্রহণ করতে পারবে।

সংশ্লিষ্ট সকলে বোর্ডের ওয়েবসাইট <https://www.mymensingheducationboard.gov.bd/> থেকে বঙ্গবন্ধু অলিম্পিয়াড আইকনে ক্লিক করে রেজিস্ট্রেশনের মাধ্যমে বঙ্গবন্ধু অলিম্পিয়াড গেম প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ তাদের EIIN নাম্বার দিয়ে লগইন করে তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক তালিকা দেখতে পারবেন। প্রতিটি শ্রেণি হতে দশ জন করে বিজয়ী নির্বাচন করা হবে। সবচেয়ে কম সময়ের মধ্যে সর্বোচ্চ সঠিক উত্তর প্রদানকারীদের বিজয়ী নির্বাচন করা হবে। বিজয়ী শিক্ষার্থীদের সার্টিফিকেট ও পুরস্কার প্রদান করা হবে। সর্বোচ্চ অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানকেও পুরস্কার প্রদান করা হবে। পাঠ্য বইয়ের অধ্যায়সমূহ নিয়ে প্রতি মাসে নিয়মিতভাবে প্রশ্নোত্তর প্রদানের মাধ্যমে এই প্রতিযোগিতা চলমান থাকবে। বঙ্গবন্ধু অলিম্পিয়াডের পক্ষ হতে সকল শিক্ষার্থীকে বিনামূল্যে একটি শিক্ষাকার্ড প্রদান করা হবে। যার মাধ্যমে শিক্ষার্থীরা বিভিন্ন পণ্য/সেবা আকর্ষণীয় ডিসকাউন্ট মূল্যে ক্রয় করতে পারবে। যত বেশি পয়েন্ট অর্জন করবে তত বেশি ডিসকাউন্ট/পুরস্কার পাবে। আগামী আগস্ট মাসে শিক্ষা বোর্ডের বর্ষপূর্তি উপলক্ষে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে সম্মতি জ্ঞাপন সাপেক্ষে নির্ধারিত তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি সকল বিজয়ীদেরকে পুরস্কার প্রদান করবেন।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শিক্ষার্থীদের বঙ্গবন্ধু অলিম্পিয়াড প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-


12.07.2023.
(প্রফেসর কিরীট কুমার দত্ত)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

প্রাপকঃ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)